বাংলাদেশ ফুটবল ফেডারেশন
BANGLADESH FOOTBALL FEDERATION

তারিখঃ ১১-০১-২০২১

# সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিসিপ্লিনারী কমিটির এক সভা অদ্য ১১-০১-২০২১ তারিখ রোজ সোমবার বিকাল ৪:৩০ ঘটিকায় বাফুফে ভবনের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব মেজবাহ্ উদ্দীন।

সভায় আলোচ্যসূচীসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

১) **গত ০৭-০১-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত আবাহনী লিঃ, ঢাকা বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার সেমি-ফাইনাল খেলায় সংঘটিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর বসুন্ধরা কিংস্ বনাম আবাহনী লিঃ ঢাকা এর মধ্যকার ২য় সেমি-ফাইনাল খেলায় সংঘটিত ঘটনার প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক আবাহনী লিমিটেড, ঢাকা এর খেলোয়াড় জনাব সোহেল রানা (জার্সি নং-৭) কে তার নিজ দলের পরবর্তী ১ (এক) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখা এবং ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা আর্থিক জরিমানা, খেলোয়াড় জনাব টুটুল হোসেন বাদশা (জার্সি নং-৫) কে তার নিজ দলের পরবর্তী ১ (এক) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখা এবং ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা, খেলোয়াড় জনাব সাদ উদ্দিন (জার্সি নং-১৫) কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা এবং ফিটনেস ট্রেইনার কাজী নজরুল ইসলাম'কে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও উক্ত দিন আবাহনী লিঃ ঢাকা এর প্রধান প্রশিক্ষক Mr. Mario Licinio Guerreiro Lemos ম্যাচ শেষে পোষ্ট ম্যাচ প্রেস কনফারেন্সে উপস্থিত না থাকায় আবাহনী লিঃ ঢাকাকে 'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর রেগুলেশন্স্ এর ধারা ২৯.৫ অনুযায়ী ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করণের সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ হতে বিরত থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

কমিটি কর্তৃক জরিমানাকৃত অর্থ আগামী ১ (এক) মাস অর্থাৎ আগামী ১০-০২-২০২১ তারিখের মধ্যে বাফুফে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিষয়টি পুনরায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির নিকট প্রেরণ করা হবে।

২) **গত ০১-০১-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ বনাম চট্টগ্রাম আবাহনী লিঃ এর খেলায় শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ দলের খেলোয়াড় জনাব মোহাম্মদ তকলিস আহমেদ কর্তৃক সংঘটিত অখেলোয়াড় সূলভ আচরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক খেলোয়াড় জনাব মোহাম্মদ তকলিস আহমেদকে তার নিজ দলের পরবর্তী ২ (দুই) ম্যাচে অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি একইসাথে ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ হতে বিরত থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

BFF HOUSE, Motijheel C/A, Dhaka - 1000, Bangladesh | Tel: +880-2-9574232, 9556072, 9556329 | Fax: +880-2- 9569900, 9574233
Email: info@bff.com.bd | Website: www.bff.com.bd | Facebook : www.facebook.com/bff.football | Twitter : www.twitter.com/bff_football

৩) **গত ০২-০১-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ বনাম মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর মধ্যকার খেলায় সংঘটিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ কে উক্ত ক্লাবের কতিপয় সমর্থকদের অবৈধভাবে মাঠে প্রবেশ ও বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের টার্ফের উপর অবস্থান করে রেফারীকে গালিগালাজ ও প্রাণনাষের হুমকি প্রদানের জন্য বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ কে তাদের সমর্থকদের সংযত রাখার বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। কমিটি কর্তৃক জরিমানাকৃত অর্থ আগামী ১ (এক) মাস অর্থাৎ আগামী ১০-০২-২০২১ তারিখের মধ্যে বাফুফে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিষয়টি পুনরায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির নিকট প্রেরণ করা হবে।

৪) **গত ৩০-১২-২০২০ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ বনাম শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ এর খেলায় লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ লাইনআপে আসতে ৫ (পাঁচ) মিনিট দেরী করার বিষয়ে এবং গত ০৩-০১-২০২১ তারিখে বসুন্ধরা কিংস্ বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর খেলা সম্পর্কে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর প্রধান প্রশিক্ষকের জাতীয় দৈনিকে সাক্ষাতকার প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ কে প্রতি মিনিটের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা হিসেবে ৫ (পাঁচ) মিনিটের জন্য সর্বমোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা আর্থিক জরিমানা করনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি কর্তৃক জরিমানাকৃত অর্থ আগামী ১ (এক) মাস অর্থাৎ আগামী ১০-০২-২০২১ তারিখের মধ্যে বাফুফে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিষয়টি পুনরায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির নিকট প্রেরণ করা হবে।

লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর প্রধান প্রশিক্ষকের সাক্ষাতকারের বিষয়ে উক্ত ক্লাব কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক বিবেচিত হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয়।

৫) **গত ০৪-০১-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত আবাহনী লিমিটেড, ঢাকা বনাম উত্তর বারিধারা ক্লাবের মধ্যকার খেলায় সংঘটিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ

বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক উত্তর বারিধারা ক্লাবের বলবয় জনাব বেলাল'কে বাফুফে কর্তৃক আয়োজিত ফুটবল সংশ্লিষ্ট সকল ধরনের কার্যক্রম হতে আগামী ৩ (তিন) মাসের জন্য বিতর রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত ফুটবল দলের এ্যাসিসটেন্ট ম্যানেজার জনাব জাহাঙ্গীর আলম ও গোলকীপার প্রশিক্ষক জনাব শওকত আলী খেলা চলাকালীন খেলার মাঠে প্রবেশের ঘটনার জন্য উভয়কে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি কর্তৃক জরিমানাকৃত অর্থ আগামী ১ (এক) মাস অর্থাৎ আগামী ১০-০২-২০২১ তারিখের মধ্যে বাফুফে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিষয়টি পুনরায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির নিকট প্রেরণ করা হবে।

BFF HOUSE, Motijheel C/A, Dhaka - 1000, Bangladesh | Tel: +880-2-9574232, 9556072, 9556329 | Fax: +880-2- 9569900, 9574233
Email: info@bff.com.bd | Website: www.bff.com.bd | Facebook : www.facebook.com/bff.football | Twitter : www.twitter.com/bff_football

৬) **বাংলাদেশ পুলিশ ফুটবল দলের খেলোয়াড় জনাব মোহাম্মদ জুয়েল সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ
খেলোয়াড় জনাব জুয়েলের একধিক পাসপোর্ট থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করতঃ বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক বাংলাদেশ পুলিশ ফুটবল দলের খেলোয়াড় জনাব মোহাম্মদ জুয়েলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠন করতঃ সংশ্লিষ্ট বিষয়ে তদন্ত করে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে লিখিত তদন্ত রিপোর্ট যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এবং উক্ত খেলোয়াড়ের বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত তাকে বাফুফে কর্তৃক আয়োজিত সংশ্লিষ্ট সকল খেলা হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭) **প্রি ফাইনাল প্রেস কনফারেন্সে সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ এর প্রধান প্রশিক্ষক ও অধিনায়কের অনুপস্থিতি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সিদ্ধান্তঃ
বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক 'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর রেগুলেশন এর ধারা ২৯.৫ অনুযায়ী সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ কে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি কর্তৃক জরিমানাকৃত অর্থ আগামী ১ (এক) মাস অর্থাৎ আগামী ১০-০২-২০২১ তারিখের মধ্যে বাফুফে হিসাব শাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিষয়টি পুনরায় যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বাফুফে ডিসিপ্লিনারী কমিটির নিকট প্রেরণ করা হবে।

**আহসান আহমেদ অমিত**
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

BFF HOUSE, Motijheel C/A, Dhaka - 1000, Bangladesh | Tel: +880-2-9574232, 9556072, 9556329 | Fax: +880-2- 9569900, 9574233
Email: info@bff.com.bd | Website: www.bff.com.bd | Facebook : www.facebook.com/bff.football | Twitter : www.twitter.com/bff_football